Ambassador

Embassy of the People's Republic
of Bangladesh
Tokyo

জাপানপ্রবাসী প্রিয় ভাই ও বোনেরা,

আমরা সকলেই অবগত আছি যে, করোনাভাইরাসের আশঙ্কাজনক বিস্তার রোধে জাপানের মাননীয় প্রধানমন্ত্রী টোকিওসহ মোট ১১ টি প্রিফেকচারে জরুরি অবস্থা জারি করেছেন যা অন্তত আগামী ০৭ ফেব্রুয়ারি পর্যন্ত বলবৎ থাকবে। সমগ্র জাপানব্যাপী করোনাভাইরাস আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। এমতাবস্থায়, করোনাভাইরাস বিস্তার রোধের লক্ষ্যে সকলকে বাড়িতে থাকা, অপ্রোজনীয় যাতায়াত বন্ধের অনুরোধসহ স্থানীয় সরকারের স্বাস্থ্য বিষয়ক নির্দেশনা মেনে চলার জন্য পুনরায় অনুরোধ জানাচ্ছি। এই নির্দেশনাসমূহে সাধারণত প্রিফেকচার থেকে প্রিফেকচারে কিছু পার্থক্য লক্ষ্য করা যায়। তন্মধ্যে নিচে কিছু প্রিফেকচারের লিংক দেয়া হলোঃ

টোকিওঃ	https://www.metro.tokyo.lg.jp/english/index.html
চিবাঃ	https://www.pref.chiba.lg.jp/international/index.html
সাইতামাঃ	https://www.pref.saitama.lg.jp/a0701/covid19/gaikoku.html
গিফুঃ	https://www.gic.or.jp/en/
মিয়েঃ	https://mieinfo.com/en/informations/health/coronavirus-consultation/index.html
ওসাকাঃ	http://www.pref.osaka.lg.jp.e.agb.hp.transer.com/iryo/osakakansensho/corona.html
কিয়টোঃ	http://www.pref.kyoto.jp/kokusai/coronavirus_update.html
কোবেঃ	https://www.city.kobe.lg.jp/a74716/kenko/coronavirus_en.html
নাগোয়াঃ	https://www.nic-nagoya.or.jp/en/
ফুকুয়োকাঃ	https://www.pref.fukuoka.lg.jp/site/english/en-coronavirus.html
ওকিনাওয়াঃ	https://okinawa.stopcovid19.jp/en/
হোক্কাইদোঃ	http://www2.hiecc.or.jp/soudan/emg/index.html?lang=en

অপরিহার্য প্রয়োজনে ঘরের বাইরে গেলে অন্যদের সাথে নিজের দূরত্ব বজায় রাখুন এবং মাস্ক পরিধান করুন। অধিক জনবহুল স্থান পরিত্যাগ করুন বা এড়িয়ে চলুন, ব্যস্ততাপূর্ণ সময়ে গণযোগাযোগ ব্যবস্থা পরিহার করুন, হাঁচি কাশির সময় আপনার নাক ও মুখ একটি টিস্যু বা জামার হাতা দিয়ে ঢাকুন। সাবান পানি বা স্যানিটাইজার ব্যবহার ছাড়া কোনক্রমে আপনার মুখ নাক চোখ স্পর্শ করবেন না।

সকল বাংলাদেশী প্রবাসীদের স্থানীয় সংবাদ উৎসসমূহ এবং কর্তৃপক্ষের নির্দেশনাসমূহের ব্যাপারে নিয়মিত আপডেটেড থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করছি । একইসঙ্গে, করোনাভাইরাসের মোকাবেলায় বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যে ৩১ দফা নির্দেশনা দিয়েছেন তা গুরুত্বের সঙ্গে মনে রাখা এবং পালন করার বিশেষ অনুরোধ জানাচ্ছি।

3-29 Kioicho, Chiyoda-ku, Tokyo 102-0094 | Tel.: +81-3-3234-5801 | Fax: +81-3-3234-5802
Email: bdembassy.tokyo@mofa.gov.bd | www.bdembjp.mofa.gov.bd

প্রবাসী বাংলাদেশিদের সেবায় দূতাবাসের সকল সেবাসমূহ চলমান রয়েছে। তথাপি আপনার স্বাস্থ্যের বিবেচনায়, জরুরী প্রয়োজন ব্যতীত **দূতাবাসে স্বশরীরে না আসার** জন্য আমরা গুরুত্বারোপ করছি। বিকল্প হিসেবে দূতাবাসের সঙ্গে ইমেইল, ফেসবুক বা ফোনে কথা বলাকে উৎসাহিত করছি। পাসপোর্টসহ যাবতীয় কনস্যুলার সেবা বর্তমানে ডাকযোগে প্রদান করা হচ্ছে। **এই জরুরি পরিস্থিতিতে আমরা ডাকযোগে পাঠানো কাজকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছি**।

বাংলাদেশের সঙ্গে জাপানের আন্তর্জাতিক ফ্লাইট খুবই সীমিত ও দুদেশসহ আন্তর্জাতিকভাবে কঠোর নিয়ম-শৃঙ্খলাধীন। তাই, জরুরী প্রয়োজনে বাংলাদেশে যেতে চাইলে, বিমান টিকেট বুকিং দেয়ার পূর্বে অবশ্যই **এয়ারলাইন্স এবং আপনার নিকটস্থ ইমিগ্রেশন অফিসে** যোগাযোগ করে প্রয়োজনীয় নিয়মসমূহ জেনে নিন।

আপনার শরীরে করোনাভাইরাসের কোন লক্ষণ দেখা গেলে স্থানীয় সরকার নির্দেশিত চিকিৎসা কেন্দ্রে যোগাযোগ করুন এবং প্রয়োজনে দূতাবাসকে অবহিত করুন করুন । জাপানে করোনা ভাইরাস এবং স্বাস্থ্য সংক্রান্ত নিচের লিংকগুলো নিয়মিত অনুসরণ ও যোগাযোগ করুনঃ

- Japan National Tourism Organization: 24/7 hotline, available in English. To call from Japan: 050-3816-2787; from overseas: +81-50-3816-2787
- Ministry of Health, Labor and Welfare: 24/7 hotline, available in English at +81-3-3595-2176 and Q&A on the new measures.
- The Association of Medical Doctors of Asia Medical Information Center: 10:00 to 17:00, available in English at 03-6233-9266
- The Tokyo Metropolitan Government: 10:00 to 17:00, Monday through Friday, available in English at 0120-296-004
- তদুপরি, করোনা ভাইরাস বা শারীরিক অসুস্থতাজনিত যে কোন বিষয়ে আপনাদের কোন জিজ্ঞাসা বা পরামর্শের প্রয়োজন হলে - বর্তমানে জাপানে গবেষণারত বাংলাদেশী চিকিৎসকদের সাথেও আলোচনা করতে পারেন। জাপানে বসবাসরত বাংলাদেশী ডাক্তারগণের একটি তালিকা দূতাবাসের ফেসবুক পেজে দেয়া হয়েছে। সম্মানিত ডাক্তারগণ ফোনে স্বেচ্ছামূলক স্বাস্থ্য পরামর্শ প্রদানে সম্মত রয়েছেন।

জরুরী প্রয়োজনে (কন্স্যুলার সেবা ব্যতিত) দূতাবাসে যোগাযোগের জন্যঃ

ফোনঃ ০৮০-৪০৬৫-৬৬০১, ০৭০-৩২০২-৪৪০০, ০৭০-৮৩৮৩-৮৫৭৬, ০৭০-১২৬০-১৯৮৪
ইমেইলঃ bdembassy.tokyo@mofa.gov.bd
crpolitical.tokyo@mofa.gov.bd
zakir2kbd@gmail.com
arif.mohammad@mofa.gov.bd
ফেসবুক মেসেঞ্জারঃ https://m.me/BangladeshEmbassyTokyo/

কন্স্যুলার (পাসপোর্ট/জন্ম নিবন্ধন/এনভিআর/ সত্যয়ন) সেবা বিষয়ে দূতাবাসে যোগাযোগের জন্যঃ

ফোনঃ ০৮০-৭৮৫৫-৫৫১৪, ০৮০-৪৫১০-৯৯১৯, ০৯০-৫৪৪৪-৭৭৫৫
ইমেইলঃ consular.bdembjp@mofa.gov.bd

পরিশেষে, সর্বশক্তিমান সৃষ্টিকর্তা বিশ্বব্যাপী এই করোনা ভাইরাসের প্রকোপ থেকে আমাদের সকলকে সুস্থ এবং নিরাপদ রাখুন এই প্রার্থনা করছি।

১৪-০১-২০২১

শাহাবুদ্দিন আহমদ